

# ***My GRE Experience***

**Exam Date:** - 22/7/2015

**Exam center:** - AAA

**Preparation Time:** - active preparation for 6 months

Active reading এবং vocab আরো আগে থেকে শুরু করেছিলাম

**Section Pattern:** - QVQVQ

**Score:** - 331 (Verbal 164 Quant 167); AWA:-3.5

## **Resources:**

**Vocab:** 1) Flashbook by BUET GRE community

2) Redefining Vocab by Tonmoy Das

3) GRE Vocabulary Flashcards-android app by Magoosh contains over 1000 words

4) My own vocab list by combining unknown words of various resources that I have gone through for TC, SE and RC

**Verbal:** 1) 363 passages from codecoax.com for RC

2) Verbal workout for new GRE by princeton review - only for TC and SE

3) TC from Big book's 27 practice test...Anyone can find this in the photo section of GRE center FB page

4) TC and SE from Manhattan prep volume 8

5) Barron's new GRE

6) ETS official guide

7) ETS official Verbal Reasoning practice book

8) 5lb GRE Practice Problems by Manhattan Prep

9)1014 Practice Question by Princeton Review

10) A compilation of GRE, GMAT passages named '3000 RC'

**Quant:** 1) Manhattan Prep's GRE strategy guide 1-6 volume

2) Barron's New GRE

3) 5lb GRE Practice Problems by Manhattan Prep

4) Official GRE Guide by ETS

5) Official GRE Quant Reasoning by ETS

6) Some Data interpretation Exercise from Big Book

7) Nova GRE Math Bible

8) 1014 Practice Question by Princeton Review

**Analytical:** 1) Barron's New GRE

2) Some online video resources for template

3) Some model responses from Kaplan GRE AWA

মোটামুটি এই resource use করেছি preparation এর জন্য। আর আমার লেখার বাকি অংশ বাংলায় লেখার জন্য দুঃখিত। খুঁটিনাটি অনেক ব্যাপার English এর চেয়ে বাংলাতেই সহজভাবে বলা যায়।

আমার GRE দেয়ার প্ল্যান ছিল গত বছরের শেষের দিকে। এইজন্য টুকটাক vocab আর RC practice করা শুরু করি। কিন্তু Govt. Job -এ joining, remote area তে posting এর দৌড়াদৌড়ী, frustration এইসব কারণে GRE আর দেয়া হয়ে উঠেনি। মাঝখানে GRE preparation postpone করে TOEFL দেই। এইসব কারণে exam এ অনেক delay হয়।

## **Vocab:**

আমার GRE preparation শুরু করি vocab দিয়ে। BUET GRE community এর Flashbook এর mark করা word পড়া শুরু করি। এভাবে approx. 2200+ word পড়া হয়। কঠিন word গুলো mnemonic dictionary বা নিজের মনমতো mnemonic বানিয়ে মনে রাখার চেষ্টা করি। একজাতীয় word গুলো একসাথে যে কোন একটি synonym এর সাথে লিখে রাখলে মনে রাখতে সহজ হয়। (যেমন raucous এর সাথে rowdy, strident, noisy,

boisterous, unruly, chaotic একসাথে লিখে রাখলে পড়া এবং মনে রাখা দুইটাই অনেক সহজ হয়)। এছাড়া TC, SE and RC solve করার সময় অপরিচিত word গুলো Vocabulary.com এ Learning list এ enlist করতাম এবং সময় পেলে Challenge এ word গুলো review করতাম। Challenge Test গুলো Quiz এর মত। Worldwide competition হয় score এর উপর, বিভিন্ন achievement থাকে। এই কারণে challenge practice করতে মজাই লাগত। আর New GRE তে literal meaning এর সাথে সাথে contextual meaning জানা অনেক জরুরী। vocabulary.com এর challenge এর example গুলো contextual meaning grasp করার জন্য খুবই effective মনে হইছে আমার কাছে। শেষের দিকে Tonmoy Das এর Redefining Vocab বইটাও দেখি।

## Verbal:

Verbal এ আমার কাছে আতঙ্কের বিষয় ছিল RC। কারণ আমার reading speed অনেক slow ছিল আর নিউজপেপারের বাইরে English গল্প, উপন্যাস পড়ার তেমন কোন অভ্যাস ছিল না। যাই হোক আমি New Yorker, Atlantic থেকে article পড়া শুরু করি। Readability.com নামে একটা reading platform এর খোঁজ পাই। এখানে বিভিন্ন source এর ভালো ভালো অনেক article share করা থাকে। তাই ভালো আর্টিকেল খোঁজার পরিশ্রম অনেকটা কমে যায়। এভাবে মোটামোটি একটা reading habit তৈরি হয়। TC, SE প্রথমে Barron's থেকে practice করা শুরু করি। এরপর GRE center এর photo section থেকে Big Book এর TC practice করি। এরপর অন্যান্য resource গুলো practice করি। কেউ চাইলে 5lb এর TC, SE বাদ দিতে পারেন। 5lb এ conceptual complexity বা structural complexity এর চেয়ে Hard Vocab এর উপর বেশী focus করা হয়েছে যেটা actual GRE কে reflect করে না। Verbal section timing এ আমি 12min-12min-6min pattern follow করতাম। First 12 min- all TC and SE; Second 12 min:- all short RC; Last 6min:- long RC

## Quant:

Manhattan prep এর strategy guide 1-6 দিয়ে quant preparation শুরু করি। Barron's থেকে math rules গুলো ভালোমতো review করি। এরপর 5lb manhattan আর 1014 princeton review থেকে problem solve করতে থাকি। Data Interpretation এ কিছুটা সমস্যা থাকায় আলাদাভাবে Big Book থেকে কিছু Data Interpretation problem solve করি। Probability এর জন্য manhattan follow করি এবং magoosh blog থেকে কিছু explanation দেখি। Quant এর timing এ বিশেষ কোন strategy ফলো করি নাই।

## Analytical:

Barron's এর AWA section থেকে overall একটা idea নেই। এরপর Kaplan থেকে কিছু sample response review করি। Issue task এর idea development, supporting and refuting example এবং argument task এ logical flaw বের করা সম্পর্কে ভালো conception হয়। Template এর জন্য <http://www.greenlighttestprep.com/module/gre-analytical-writing-এই লিঙ্কের template follow করি এবং actual exam এ এই template ই use করি।>

## Exam Day Experience:

৯টায় AAA তে appointment ছিল। ৮:১০ এ পৌঁছাই। কিছুক্ষণ বসার পর ওরা reception থেকে ডেকে নেয় এবং হালকা brief করে। Confidentiality Form sign করার পর আরেকটা রুমে ডেকে নেয় এবং mobile, moneybag locker এ রাখতে বলে। এরপর pocket-sleeves সব check করে webcam এ photo তুলে। Exam Hall নিজের passport ছাড়া আর কোন কিছুই allowed না। এমনকি আমার পকেটের রুমালটাও বাইরে রেখে যেতে হইসে। Colored rough paper এবং pencil ওরাই provide করে। AWA section দিয়ে exam শুরু করলাম। ভাগ্য ভালো, Kaplan থেকে যে কয়েকটা topics দেখেছিলাম Issue Topics টা তাদের মধ্যে ছিল। AWA এর পর quant section আসলো। প্রথম quant section টা ভালই হলো। ৬ মিনিটের মতো সময় save করতে পারলাম। যে problem গুলোতে কিছুটা confusion ছিল সেগুলো mark করা ছিল। Review করলাম। এরপর first verbal section শুরু করলাম। Verbal এ RC নিয়ে আমার ভয় ছিল। কিন্তু actual exam এ দেখলাম RC এর চেয়ে TC অনেক ঝামেলার। যাইহোক, এই section মোটামোটি দিলাম। Break এর পর 2nd Quant section ও overall ভালোই হইসে। এরপর 2nd verbal section এ এসে প্রথম ভয়ানক ধাক্কা খেললাম। এতো কঠিন TC আমি কোনও resource এ পাই নাই। Single blank গুলোই মাথার উপর দিয়ে যাচ্ছিলো, double blank and triple blank তো বাদই দিলাম। Contrasting phrase, negative word, complex idea দিয়ে sentence এতো বেশী dense ছিল যে এর direction ই trace করা যাচ্ছিলো না। মাথা পুরো গরম হয়ে যাচ্ছিলো। কোনোমতে দুইটা দাগিয়ে বাকিগুলো mark করে SE তে move করলাম। SE এর পর RC solve করলাম। একটা ভালো দিক ছিলো, এই section এর RC গুলো সব technical topics এর উপর ছিল e.g. geology, environmental science, physical science etc. Arts, Music, literary criticism এইসব abstract topics ছিল না। এই কারণে দ্রুত passage read করে RC এর question গুলো solve করতে পারি। ৩ মিনিট বাকি থাকতে TC তে ফেরত আসি এবং মোটামোটি guess করে দাগাই। Third Quant Section এ কিছু problem solve পারি নাই। Timed out হয়ে যাচ্ছিলাম, তাই বাধ্য হয়ে কিছু problem আন্দাজে answer করি।

## শেষকথা:

যদিও আমার preparation period অনেক lengthy এবং fragmented ছিল কিন্তু তারপরও আমার মনে হয় একটা ভালো score এর জন্য ৬ মাসের preparation enough. Preparation এর সবচেয়ে কঠিন পাট আমার মনে হইসে একটা strong reading habit গড়ে তোলা। কারণ এই skill develop করতে সময় লাগে, রাতারাতি develop করা tough যদি না আগে থেকে abstract reading এ কেউ habituated থাকে। এটা develop করতে পারলে TC, SE, RC সবজায়গাতেই কাজে লাগবে এমনকি vocab এ কিছুটা deficiency থাকলেও এই skill দিয়ে make up করা যায়। quant এর জন্য যত বেশী practice করা যায় ততই ভালো। আর এই strategy একান্তই আমার নিজস্ব মতামত। সবারই পড়ার স্টাইল আলাদা, preference আলাদা। So, আপনার best mentor আপনি নিজেই। বিভিন্ন strategy থেকে আপনার নিজের জন্য best strategy আপনাকেই adapt করে নিতে হবে। যাইহোক, এই বিশাল লেখা পড়ার জন্য ধন্যবাদ। ভালো থাকবেন আর আমার জন্য দোয়া করবেন। আল্লাহ হাফেজ।